সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২
**Sylhet Palli Bidyut Samity-2**
দরবস্ত, জৈন্তাপুর, সিলেট।

ISO 9001:2015 Certified

E-mail : sylhetpbs2@gmail.com

স্মারক নং- ২৭.১২.৯১৫৩.৫৫৮.০২.০০৮.২০২৪ . ১২২০

তারিখ ১৬ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ

## "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর **"ক্যাশিয়ার"** পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত ২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত সহকারী ক্যাশিয়ারদের নিকট হতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১। | ক্যাশিয়ার ০১(এক)টি | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | ক) এস.এস.সি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ৩.০০ অথবা সমমান থাকতে হবে। অর্থাৎ এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীর নূন্যতম ০৭ (সাত) বছর সহকারী ক্যাশিয়ার পদে নিয়মিত হিসেবে চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) বিলিং কম্পিউটার, সার্ভার ও অন্যান্য ইকুপমেন্ট পরিচালনায় সমর্থ থাকতে হবে।<br>ঘ) বাংলা প্রতি মিনিটে নূন্যতম ১০ (দশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ৩০(ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>ঙ) প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্লচিত্তে জনসাধারণের সহিত কাজ করতে হবে এবং উত্তম পারিবারিক ঐতিহ্য ও আর্থিক স্বচ্ছলতার অধিকারী হতে হবে।<br>চ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>ছ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ এর সেকশন-এ, ১ তে বর্ণিত শর্তসমূহ পূরণ হতে হবে।<br>জ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী সর্বশেষ ০৩ বৎসরের কর্মমূল্যায়নের নুন্যতম রেটিং ৩.৫০ থাকতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিতকরনের তারিখ (ড) একই পদে অন্য কোন পবিস-এ পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে পবিসের নাম ও তারিখ উল্লেখ পূর্বক আবেদন পত্রসহ **আগামী ১৬/০১/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায়** সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, দরবস্ত, জৈন্তাপুর, সিলেট এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**০২। আবেদনপত্রের সহিত নিম্নে বর্নিত কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়ন পুর্বক সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।
(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
(চ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(ছ) আবেদনকারীকে পদোন্নতির জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
(জ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

চলমান পাতা

**০৩। উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্নিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না।**

(ক) সর্বশেষ ০৩(তিন) বছরের মধ্যে কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(খ) সর্বশেষ ০১(এক) বছরের মধ্যে কোনরুপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থ্যাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরুপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গন্য হবে;
(জ) পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকার (সিলেট জেলার জৈন্তাপুর, গোয়াইনঘাট, কানাইঘাট, কোম্পানীগঞ্জ ও সিলেট সদর উপজেলা এবং সুনামগঞ্জ জেলার ছাতক ও দোয়ারাবাজার উপজেলা) স্থায়ী বাসিন্দাগণের আবেদন করার প্রয়োজন নাই
(ঝ) অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা তাদের স্বামী/স্ত্রীর রক্তের সম্পর্কের আত্মীয় স্বজনদের আবেদন করার প্রয়োজন নেই।

০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য “চলতি দায়িত্বে” নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।

০৫। পবিস নির্দেশিকা ও সর্বশেষ সার্কুলার অনুযায়ী মূলবেতন সংরক্ষণ করা হবে।

০৬। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

০৭। ইতঃপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৮। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে ‘‘সিলেট পবিস-২ এর কর্মচারী চাকুরী বিধি,-১৯৯২ (সংশোধিত:২০১২)” এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৯। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ রবিউল হক)
জেনারেল ম্যানেজার
সিলেট পবিস-২।

**অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, সিলেট ।
০৪। পুলিশ সুপার, সিলেট ।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..................................পবিস-১/২/৩/৪।(আবেদনপত্র অগ্রগামী করার অনুরোধসহ)
০৭। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) বাপবিবো, ঢাকা।
০৯। ডিজিএম, কোম্পানীগঞ্জ /কানাইঘাট / (সদর দপ্তর-কারিগরী), জোনাল অফিস, সিলেট পবিস-২ পবিস।
১০। এজিএম (ওএন্ডএম), গোয়াইনঘাট/গাছবাড়ি/শিবেরবাজার সাব-জোনাল অফিস, সিলেট পবিস-২ পবিস।
১১। এজিএম (ইএন্ডসি/অর্থ-হিসাব/ওএন্ডএম/সদস্য সেবা/প্রশাসন), সিলেট পবিস-২ পবিস।
১২। এজিএম (আইটি), সিলেট পবিস-২ পবিস। (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা)
১৩। নোটিশ বোর্ড, সিলেট পবিস-২ পবিস।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

৩১/১২/২৪

(নাবিব আহমেদ সাঈদ)
এজিএম(প্রশাসন)
সিলেট পবিস-২।